আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্টে এক ব্যক্তির মৃত্যু

আলমডাঙ্গা উপজেলার তিওর বিলা গাজীপাড়ায় গতকাল শনিবার সকাল ৯টার দিকে ছাদের উপর রড উঠানোর সময় বিদ্যুতের তারে স্পর্শ লেগে রিকাত আলী (৫০) নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। নিহত রিকাত আলী ওই এলাকার মৃত শাকের আলীর ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, পারিবারিক বিরোধের কারণে নিজ জমিতে নির্মাণকাজ শুরু করতে না পারায় রিকাত আলী পূর্বে ক্রয় করা রডগুলো বড় ভাই কিতাব আলীর বাড়ির ছাদে তুলছিলেন। এ সময় বাড়ির ছাদের উপর দিয়ে যাওয়া পল্লী বিদ্যুতের প্রধান লাইনের সাথে রড স্পর্শ করলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

এ ঘটনায় নিহতের পরিবার ও এলাকায় গভীর শোকের ছায়া নেমে এসেছে। বড় ভাই কিতাব আলী জানান, “দীর্ঘ দুই বছর আগে পল্লী বিদ্যুতের লাইনের স্থানান্তরের জন্য আবেদন করেছি। কিন্তু কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। লাইনটি ছাদের উপর দিয়ে যাওয়ায় দীর্ঘদিন ধরেই ঝুঁকিপূর্ণ পরিস্থিতি ছিল।”

এলাকাবাসী অভিযোগ করে বলেন, পল্লী বিদ্যুতের অবহেলার কারণেই এ দুর্ঘটনা ঘটেছে। তারা দ্রুত ঝুঁকিপূর্ণ বৈদ্যুতিক লাইন অপসারণ করে মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানিয়েছেন।

ঝিনাইদহে আদালত চত্বরে ছুরিকাঘাতে আহত মঞ্জুরের মৃত্যু

ঝিনাইদহ পৌর এলাকায় মাত্র ২০ টাকা ধার পরিশোধ নিয়ে ঝগড়ার জেরে ছুরিকাঘাতে আহত মোঃ মঞ্জুর বিশ্বাস (৩৮) চিকিৎসাধীন অবস্থায়

[redacted]

[redacted]

[redacted]

[

ছিনতাই কাজের সাথে তার পরিবার জড়িত। শাহ আলমের বাবা আলী কদর একজন ডাকাত ছিল জানা যায় এবং সে অনেক অপকর্ম এখনো করে বেড়ায়। শাহ আলম, আলী কদর এরা মিলে চোর ছিনতাই এবং ডাকাতির বড় সেন্টিগেট গড়ে তুলেছে। ঝিনাইদহ শহর ও আশেপাশের বিভিন্ন চূরি ছিনতাই কর্মের মালামাল এই শাহ আলমদের বাড়িতেই থাকে এবং এখানেই ভাগাভাগি হয় বলে অনেকেই জানিয়েছে। এর আগেও শাহ আলমের বাবা ব্যাপারীপাড়ার একজনের রাস্তার উপর ছুরি দিয়ে মেরেছিল। বিভিন্ন জায়গা থেকে গরু চুরি করে সেই গরু হাটে উঠিয়ে নকল হাসিল তৈরি করে অন্যত্র গরু বিক্রয়ের ঘটনা শাহা আলমের রয়েছে। এই এলাকার লোক এদের ভয়ে সামনে কেউ কথা বলতে সাহস পায় না।

৫ আগস্ট অভ্যুত্থানের পরে প্রায় ৫০ জনের কাছ থেকে এই শাহ আলম জোর করে চাঁদা আদায় করেছে। এরকম অপকর্ম করার কারণে তার নামে পূর্বে যে মামলা হয়েছিল সেই মামলা কে রাজনৈতিক মামলা হিসেবে চালিয়েছে। এলাকাবাসী জানায় এদের পুরো পরিবারই সন্ত্রাসী চাঁদাবাজি সহ বিভিন্ন প্রকার অপকর্মের সাথে জড়িত। ৫আগস্ট রাতে পানি উন্নয়ন বোর্ডের সামনে থেকে একটি কম্পিউটারের দোকান লুটপাট করে এই শাহ আলমের নেতৃত্বে। বর্তমানে আরো বেপরোয়া হয়ে উঠেছে এই শাহ আলমের পরিবার। এর পিছনে রয়েছে ঝিনাইদহের বর্তমানের বেশ কয়েকজন রাজনৈতিক নেতা। যেটা অনুসন্ধান করলে বেরিয়ে আসবে। কার ছত্রছোয়ায় শাহ আলমরা এই অপকর্ম দিনের পর দিন চালিয়ে যাচ্ছে? শাহ আলমের ভাই ইমরান বিএনপির একজন নেতা বলে জানা গেছে। শাহ আলমের পরিবারের ভয়ে ঝিনাইদহ কোট পাড়ার অনেকে এখনো বাড়ি ছাড়া।

ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন বলেন, ‘হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মঞ্জুরের মত্যু হয়েছে। প্রধান আসামি শাহ আলম সারেন্ডার করে কারাগারে রয়েছে। দুপুরে মঞ্জুরের বিক্ষুব্ধ স্বজনেরা শাহ আলমের বাড়িতে ভাঙচুর ও অগ্নিসংযোগ করে। পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তখন থেকেই সেখানে পুলিশ মোতায়েন রয়েছে।’

কেন্দ্রীয় কারাগারে অসুস্থ হাজতির মৃত্যু

ঢাকা কেন্দ্রীয় কারাগারের অসুস্থ হয়ে এক হাজতির মৃত্যু হয়েছে। মঙ্গলবার (১৯ আগস্ট) বেলা ১১টার দিকে অচেতন অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে আনা হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

মারা যাওয়া হাজতির নাম পরিতোষ চন্দ্র (৫০)। তার বাবার নাম যগেন্দ্র চন্দ্র সূত্রধর। তবে তিনি কোন মামলায় কারাগারে ছিলেন সে তথ্য এখনো জানা যায়নি।

হাজতি পরিতোষকে হাসপাতালে নিয়ে আসা কারারক্ষী তোফায়েল বলেন, ‘মঙ্গলবার সকালের দিকে কেরানীগঞ্জের কেন্দ্রীয় কারাগারে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন তিনি। পরে কারা কর্তৃপক্ষের নির্দেশে কয়েকজন কারারক্ষী মিলে তাকে ঢামেক হাসপাতালে নিয়ে আসি। জরুরি বিভাগের ডাক্তার পরিতোষকে মৃত ঘোষণা করেন।’

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পুলিশ ক্যাম্পের ইনচার্জ পরিদর্শক মো. ফারুক জানান, চিকিৎসকের বরাত দিয়ে তিনি হাজতি পরিতোষের মৃত্যুর খবর নিশ্চিত করেছেন।

তিনি আরও জানান, লাশ ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে রাখা হয়েছে। একজন নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে লাশের সুরতহাল প্রতিবেদন তৈরি করা হবে। ময়নাতদন্ত শেষে কারা আনুষ্ঠানিকতা সম্পন্ন করে লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

ডেঙ্গুতে একজনের মৃত্যু, আক্রান্ত ৪৩৪

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আরও একজনের মৃত্যু হয়েছে। একই সময়ে আরও ৪৩৪ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। আজ সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের

ডেঙ্গু বিষয়ক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, রোববার (১০ আগস্ট) সকাল ৮টা থেকে সোমবার সকাল ৮টা পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে একজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ১০২ জন মারা গেলেন।

হাসপাতালে ভর্তি হওয়া রোগীর মধ্যে বরিশাল বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৬২ জন, চট্টগ্রাম বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৬৭ জন, ঢাকা বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৭৮ জন, ঢাকা উত্তর সিটি করপোরেশনে ৩৯ জন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে ৯৩ জন, খুলনা বিভাগে ৩২ জন, ময়মনসিংহ বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৮ জন, রাজশাহী বিভাগে ৫৩ জন ও সিলেট বিভাগে ২ জন রয়েছেন।

২০২৩ সালে দেশের ইতিহাসে ডেঙ্গুতে সর্বোচ্চ ৩ লাখ ২১ হাজার ১৭৯ জন রোগী আক্রান্ত এবং ১ হাজার ৭০৫ জনের মৃত্যু হয়।

সূত্র: যুগান্তর

মেহেরপুরে পল্লী বিদ্যুতের পোল চাপায় শ্রমিকের মৃত্যু

মেহেরপুরের পুলিশ লাইন পাড়া মসজিদের মোয়াজ্জেম গিয়াস উদ্দিন খন্দকার (ইনু) (৬৮) পল্লী বিদ্যুতের একটি পোল চাপায় প্রাণ হারিয়েছেন।

গিয়াস উদ্দিন খন্দকার পুলিশ লাইন পাড়ার মৃত জামাল উদ্দিন খন্দকারের ছেলে। মসজিদের মোয়াজ্জেমের পাশাপাশি তিনি পল্লী বিদ্যুতের পোলের কাজের সাথে যুক্ত ছিলেন।

আজ রবিবার সকাল ৯টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কে পল্লী বিদ্যুতের পোলের কাজ করার সময় একটি পোল চাপায় মারা যান তিনি।

স্থানীয়রা জানান, সড়কের তেলপাম্পের সামনে পল্লী বিদ্যুতের পোল তোলার কাজ চলাকালীন হঠাৎ একটি পোল গিয়াস উদ্দিনের ঘাড় ও বুকের

ওপর পড়ে যায়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

কোটচাঁদপুরে গলায় উড়না দিয়ে গৃহবধুর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে গলায় উড়না দিয়ে আত্মহত্যা করেছেন প্রিয়া অধিকারী (২২) নামের এক গৃহবধু। তিনি বলুহর রামচন্দ্রপুর হালদারপাড়ার দেবব্রত অধিকারীর স্ত্রী।

খোঁজ নিয়ে জানা যায় বৃহস্পতিবার দুপুরে পারিবারিক কলহের জের ধরে নিজ ঘরের ফ্যানের সাথে গলায় উড়নার ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন তিনি। নিহতের শ্বাশুড়ি জানান তার ছেলে বউয়ের মাথায় যন্ত্রনা ছিলো, সে কারণে আত্মহত্যা করতে পারে, মায়ের এমন বক্তব্য প্রত্যাখান করে ছেলে দেবব্রত অধিকারী জানান তার স্ত্রীর এমন কোন সমস্যা ছিলো না।

তাহলে আপনার স্ত্রী কেন আত্মহত্যা করেছেন এমন প্রশ্নে তিনি কোন কারণ জানাতে পরেননি। আত্মহত্যার ঘটনাটি রহস্যজনক বলে মনে করছেন এলাকাবাসী। এ বিষয়ে কথা বলা হয় কোটচাঁদপুর পৌর ফাঁড়ি ইনর্চাজ জগনাথ চন্দ্র এর সাথে, তিনি জানান আমরা ঘঠনাস্থলে আছি, ঘাসকাটা নিয়ে স্বামী-স্ত্রীর মধ্যে ঝগড়া হয়ে তিনি আত্মহত্যা করেছেন বলে প্রাথমিকভাবে জেনেছি। লাশের সুরতহাল করা হয়েছে, লাশটি ময়না তদন্তের জন্য প্রক্রিয়া চলছে।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায় সম্প্রতিক সময়ে কোটচাঁদপুর উপজেলা জুড়ে ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে আত্মহত্যার প্রবনতা। জানুয়ারী থেকে জুন ২০২৫ পর্যন্ত উপজেলায় ২৪৪ জন আত্মহত্যার চেষ্টা করেছেন। এদের মধ্যে অনেকেই মারা গেছেন। আত্মহত্যা প্রতিরোধে জেলা প্রশাসনসহ উপজেলা প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচি গ্রহন করা হলেও কোনভাবেই থামানো যাচ্ছে না আত্মহত্যা।

কোটচাঁদপুরে সাপের কামড়ে ১ সপ্তাহে ৩ জনের মৃত্যু

অতি বর্ষণে চারিদিকে থই থই পানি, ভরে গেছে গেড়ে গর্ত, মাটির নিচের সাপ আশ্রয়ের খোঁজে চলে আসছে মানুষের বসত ঘরে। বাড়ছে সাপে কাটা রোগীর সংখ্যা। অসচেতনতা আর অবহেলায় হচ্ছে মৃত্যু।

গত ১ সপ্তাহে সাপের কামড়ে আক্রান্ত হয়ে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিতে আসা তিনজন রোগীকেই এন্টিভেনম না দিয়ে উন্নত চিকিৎসার কথা বলে রেফার্ড করা হয় ঝিনাইদহ সদর হাসপাতালে। রেফার্ডকৃত তিনজনেরই মৃত্যু হয়েছে। মৃতদের মধ্যে দুইজনই শিশু। ফলে এলাকায় দেখা দিয়েছে চরম সাপ আতঙ্ক। খোঁজ নিয়ে জানা যায়, কোটচাঁদপুর বলুহর মাঠপাড়ার মাহতাব উদ্দিনের স্ত্রী নাছিমা বেগম (৪৫) গত মঙ্গলবার (৩০ জুলাই) রাতে সাপের কামড়ে আক্রান্ত হন। পরিবারের লোকজন তাঁকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে ঝিনাইদহ সদর হাসপাতালে রেফার্ড করেন। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

একই রাত্রে চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার পাকা গ্রামের আসিবুল হকের মেয়ে শিশু রশ্মি খাতুন (৫) কে সাপে কামড়ে দেয়। তাঁকেও কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে দ্রুত ঝিনাইদহ সদর হাসপাতালে পাঠান। কিন্তু হাসপাতালে পৌঁছানোর পরপরই তার মৃত্যু হয়।

গত সোমবার রাতে সুতি দুর্গাপুর গ্রামের নুরুজ্জামানের দুই বছর বয়সী মেয়ে শিশু সাদিয়া খাতুন রাতের খাবার শেষে বাবা-মায়ের সঙ্গে ঘুমিয়ে থাকার সময় তাকে সাপে কামড় দেয়। পরিবারের সদস্যরা দ্রুত তাকে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এই তিনটি মৃত্যুই ঘটেছে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিতে আসার পর রেফার্ড বা চিকিৎসার অভাবে। অথচ এই স্বাস্থ্য কমপ্লেক্সে এন্টিভেনাম মজুত রয়েছে বলে জানিয়েছেন

আবাসিক মেডিকেল অফিসার ডাঃ আশরাফুল ইসলাম। এ বিষয়ে চিকিৎসক ডা. আশরাফুল ইসলাম বলেন, এন্টিভেনাম দেওয়ার পর শতকরা দশ থেকে পনেরো ভাগ রোগীর শরীরে প্রতিক্রিয়া দেখা দেয়।
তখন প্রয়োজন হয় আইসিইউ বা নিবিড় পর্যবেক্ষণের। কিন্তু আমাদের এখানে সে সুবিধা না থাকায় জটিলতা এড়াতে রোগী রেফার্ড করে দিতে হয়।

এ বিষয়ে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আমানুল্লাহ আল মামুনের সঙ্গে কথা বললে তিনি জানান, হাসপাতালে এন্টিভেনম আছে। তাহলে ১ সপ্তাহে ৩ জন মারা গেলো তাদের এন্টিভেনম দেয়া হয়েছিলো কি জানতে চাইলে তিনি বলেন, এ বিষয়ে ফোনে কিছু বলা যাবে না। হাসপাতালে এসে তথ্য নিতে হবে বলেই ফোন কেটে দেন।

কালীগঞ্জে সাপের কামড়ে মুহুরির মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে সাপের কামড়ে হাসিবুল হাসান জনি (৪০) নামে একজনের মৃত্যু হয়েছে। মৃত জনি উপজেলা মোল্লাকুয়া গ্রামের মৃত ইউছুপ আলীর ছেলে ও ঝিনাইদহ আদালতে মুহুরার কাজ করতেন।

জনির প্রতিবেশি স্কুল শিক্ষক আব্দুস ছালাম জানান, গতকাল সোমবার দিবাগত রাতে নিজ ঘরে ঘুমিয়ে ছিলেন জনি। ঘুমের মধ্যে বিষধর সাপে তার কানে কামড় দেয়। এসময় টের পেয়ে পার্শ্ববর্তী গ্রাম সুবিতপুরে এক ওঝার কাছে নিয়ে ঝাড়ফুক করে। এরপর বাড়ি এসে আবার শুয়ে পড়ে। পরে আরো অসুস্থ হয়ে পড়লে ভোর সাড়ে ৫টায় কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। এসময় ডাক্তার তার চিকিৎসা দিয়ে যশোর ২৫০শয্যার জেনারেল হাসপতালে পাঠিয়ে দেন। যশোরে নেওয়ার পথে সকাল ৭টার দিকে তিনি মারা যান।

কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক শিশির কুমার সানা জানান, রাতে ডাক্তার আব্দুল্লাহ আল মামুন দ্বায়িত্বে ছিলেন। তবে, রোগীর অবস্থা শেষ পর্যায়ে পৌছালে পরিবার তাকে হাসপাতালে

এনেছিলেন। হাসপাতালে আনার পর রোগীকে এন্টিভেনম দেওয়া হয়। কিন্তু রোগীর অবস্থা খারাপ থাকায় যশোর ২৫০ শয্যা হাসপাতালে নেওয়ার পথে সে মারা যায়।

জীবননগরে পানিতে ডুবে দুই স্কুল ছাত্রের মর্মান্তিক মৃত্যু

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় নদীতে গোসল করতে গিয়ে পানিতে ডুবে দুই শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। গতকাল রোববার দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলার মুক্তারপুর গ্রামে ভৈরব নদীতে এই দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলো—মুক্তারপুর গ্রামের ঈদগাহপাড়া এলাকার সজিব হোসেনের ছেলে রিমন হোসেন (৭) এবং একই এলাকার জুয়েল মিয়ার ছেলে জুনায়েদ হোসেন (৭)। তারা দু’জনই কুলতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণির শিক্ষার্থী ছিল।

পরিবার সূত্রে জানা যায়, স্কুল ছুটি শেষে দুপুরে রিমন, জুনায়েদ ও রাব্বি নামের তিন বন্ধু মিলে বাড়ির পাশের ভৈরব নদীতে গোসল করতে যায়। নদীতে পাটজাগ দেওয়া ছিল। গোসলের একপর্যায়ে তারা সেই পাটজাগের ওপর উঠে খেলা করছিল। হঠাৎ রিমন পা পিছলে পানিতে পড়ে যায়। তাকে বাঁচাতে গিয়ে জুনায়েদও পানিতে ডুবে যায়। সঙ্গে থাকা রাব্বি দৌড়ে বাড়িতে গিয়ে বিষয়টি জানায়।

পরিবার ও স্থানীয়রা দ্রুত ঘটনাস্থলে গিয়ে নদী থেকে শিশু দুটির মরদেহ উদ্ধার করে।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মামুন হোসেন বিশ্বাস জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছেছে। আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

এই ঘটনায় মুক্তারপুর গ্রামে শোকের ছায়া নেমে এসেছে।

[redacted]

[redacted]

আমরা জানি না।”

বাংলাদেশ প্রাইভেট হাসপাতাল ও ডায়াগনস্টিক ওনার্স এসোসিয়েশনের মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক খালিদ সাইফুল ইসলাম বলেন, “মায়ের হাসি ক্লিনিকে প্রসূতি মৃত্যুর বিষয়টি আমাদের কানে এসেছে। এ বিষয়ে কোন অভিযোগ পেলে অথবা ঘটনা সত্য হলে আমরা সাংগঠনিক প্রক্রিয়ায় বিষয়টি খতিয়ে দেখবো।”

তবে প্রসূতি মৃত্যুর খবর জানেন না মেহেরপুরের স্বাস্থ্য বিভাগ। কথা হলে মেহেরপুরের সিভিল সার্জন ডা. আবু সাঈদ বলেন, “ওই প্রসূতির মৃত্যুর খবর আমরা জানি না। তবে অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে ক্লিনিকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।”